

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমবায় কার্যালয়  
কুলিয়ারচর, কিশোরগঞ্জ।

স্মারক নং-৪৭.৬১.৪৮৫৪.০০০.০০.০০১.২৩- ২৩৩/১ (৩৩)

তারিখ- ০২/০৭/২০২৩খ্রিঃ

বিষয়ঃ-সমবায় বর্ষ ২০২২-২৩ এর নিরীক্ষা সম্পন্নের লক্ষ্যে সমিতির আর্থিক হিসাব বিবরণী দাখিল প্রসঙ্গে।

সূত্রঃ- ২১/০৬/২০২৩খ্রি. তারিখে অনুষ্ঠিত কিশোরগঞ্জ জেলা সমবায় বিভাগীয় সমন্বয় সভার সিদ্ধান্ত।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, ইতিমধ্যে সমবায় বর্ষ ২০২২-২০২৩ শেষ হয়ে গেছে। তাই ২০২২-২০২৩ অডিট বর্ষের অডিট সম্পাদনের জন্য সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর ৯৯ বিধি ও ১০৬ বিধির নির্দেশ মোতাবেক হিসাব বিবরণী ফরম ১৮ অনুযায়ী আয়-ব্যয় হিসাব, লাভ-ক্ষতি হিসাব ও উদ্ধৃতপত্র প্রস্তুত করতঃ আগামী ৩১/০৮/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য নির্দেশক্রমে বলা হলো। নির্ধারিত সময়ের মধ্যে হিসাব বিবরণী দাখিল করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট সমিতির ২০২২-২০২৩ সনের নিরীক্ষা সম্পন্ন না করা এবং সমিতিটি অকার্যকর হিসেবে চিহ্নিত করার জন্য সূত্রোক্ত সভায় সিদ্ধান্ত প্রদান করা হয়েছে। ফলে নির্ধারিত সময়ের মধ্যে হিসাব বিবরণী দাখিল না করা এবং তৎপ্রেক্ষিতে সমিতির বিরুদ্ধে গৃহীত আইনগত ব্যবস্থার দায় নিম্নস্বাক্ষরকারী গ্রহণ করিবে না।

প্রতি,

সভাপতি/সম্পাদক

..... সমবায় সমিতি লিঃ

গ্রামঃ .....

পোঃ-.....


উপজেলাঃ- কুলিয়ারচর, জেলা- কিশোরগঞ্জ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ কর হলো।

✓ ০১। জেলা সমবায় অফিসার, কিশোরগঞ্জ।

০২। অফিস নথি।

স্বাঃ/  
(মোহাম্মদ জাকির হোসেন)  
উপজেলা সমবায় অফিসার  
কুলিয়ারচর, কিশোরগঞ্জ।

  
(মোহাম্মদ জাকির হোসেন)  
উপজেলা সমবায় অফিসার  
কুলিয়ারচর, কিশোরগঞ্জ।